NYC HEALTH+ HOSPITALS

# সবার জন্য ভ্যাকসিন

## COVID-19 বুস্টার শট প্রায়শই জিজ্ঞাসা করা প্রশ্নগুলি

COVID-19 বুস্টার 5 বছর বা তার বেশি বয়সের প্রত্যেকের জন্য সুপারিশ করা হয় যারা তাদের প্রাথমিক COVID-19 ভ্যাকসিন সিরিজ সম্পূর্ণ করেছেন (5-11 বছর বয়সী যেসকল শিশুরা তাদের প্রাথমিক সিরিজ হিসাবে Moderna ভ্যাকসিন পেয়েছে তারা এখনও বুস্টারের জন্য যোগ্য নয়)। 5 থেকে 11 বছর বয়সী যোগ্য শিশুদের আসল Pfizer মনোভ্যালেন্ট বুস্টার নেওয়া উচিত। 12 বছর বা তার বেশি বয়সের ব্যক্তিদের আপডেটকৃত বাইভ্যালেন্ট বুস্টার নেওয়া উচিত।

### বুস্টার শট কী?

বুস্টার শট হল একটি প্রাথমিক ভ্যাকসিনের সিরিজ শেষ করার পরে ঐ ভ্যাকসিনের আরেকটি অতিরিক্ত ডোজ এবং এটি ভাইরাসের বিরুদ্ধে প্রতিরোধ ক্ষমতা বাড়ানোর জন্য ব্যবহৃত হয় কারণ সময়ের সাথে সাথে সুরক্ষা হ্রাস পেয়ে থাকতে পারে (এটিকে ক্ষীয়মান প্রতিরোধ ক্ষমতা বলা হয়)।

### কারা বুস্টার শট নিতে পারবে?

5 থেকে 11 বছর বয়সী প্রত্যেকেরই তাদের প্রাথমিক Pfizer টিকা সিরিজের দ্বিতীয় ডোজ পাওয়ার অন্তত পাঁচ মাস পর আসল মনোভ্যালেন্ট বুস্টারের একটি ডোজ পাওয়া উচিত। এই মুহূর্তে, যারা তাদের প্রাথমিক সিরিজ হিসাবে Moderna ভ্যাকসিন পেয়েছেন তারা এখনও বুস্টারের জন্য যোগ্য নয়।

12 বছর বা তার বেশি বয়সের ব্যক্তিদের জন্য, একমাত্র অনুমোদিত বুস্টার হল আপডেটকৃত বাইভ্যালেন্ট বুস্টার। 12 বছর বা তার বেশি বয়সের ব্যক্তিরা আর আসল মনোভালেন্ট বুস্টার নিতে পারবেন না।

12 বছর বা তার বেশি বয়সী ব্যক্তিদের প্রাথমিক COVID-19 ভ্যাকসিন সিরিজ বা শেষ বুস্টারের অন্তত দুই মাস পর আপডেটকৃত বাইভ্যালেন্ট বুস্টারের একটি ডোজ নেওয়া উচিত।

Pfizer-BioNTech কর্তৃক আপডেটকৃত বাইভ্যালেন্ট বুস্টার 12 বছর বা তার বেশি বয়সীদের জন্য অনুমোদিত; Moderna কর্তৃক আপডেটকৃত বাইভ্যালেন্ট বুস্টার 18 বছর বা তার বেশি বয়সীদের জন্য অনুমোদিত।

### আপডেটকৃত বাইভ্যালেন্ট বুস্টার কিভাবে মূল মনোভ্যালেন্ট বুস্টার থেকে আলাদা?

নতুন বুস্টারটি হল একটি "বাইভ্যালেন্ট" ভ্যাকসিন যার মানে এটি একটি নতুন ফর্মুলেশন যাতে মূল ভ্যাকসিন এবং সেইসাথে ওমিক্রন ও এর সাব-ভ্যারিয়েন্ট, BA.4 এবং BA.5 কে লক্ষ্য করে তৈরি একটি নতুন ভ্যাকসিনের সংমিশ্রণ রয়েছে। এজন্যই এটি "আপডেটকৃত।"

### বুস্টার শট কেন সুপারিশ করা হয়?

COVID-19 ভ্যাকসিন এখনও COVID-19-এর কারণে সৃষ্ট গুরুতর অসুস্থতা, হাসপাতালে ভর্তি, এবং মৃত্যু প্রতিরোধে কার্যকর। তবে, গবেষণায় দেখা গেছে যে COVID-19 এর ভ্যাকসিনগুলি থেকে সংক্রমণের বিরুদ্ধে সুরক্ষা সময়ের সাথে সাথে কমতে শুরু করে। একটি বুস্টার শট মানুষকে তাদের রোগ প্রতিরোধ ক্ষমতা 'বুস্ট (বৃদ্ধি)' করার মাধ্যমে অতিরিক্ত সুরক্ষা প্রদান করতে পারে, বিশেষ করে যারা গুরুতর COVID-19 জনিত অসুস্থতার ঝুঁকিতে রয়েছে।

চলমান ▶

## কোন চিকিৎসগত অবস্থাগুলি (মেডিক্যাল কন্ডিশন) COVID-19 জনিত গুরুতর অসুস্থতার ঝুঁকি বাড়ায়?

গুরুতর COVID-19-এর ঝুঁকি বাড়ায় এমন চিকিৎসগত অবস্থাগুলির (মেডিক্যাল কন্ডিশন) মধ্যে রয়েছে ডায়াবেটিস, হৃদরোগ (উচ্চ রক্তচাপ সহ), দীর্ঘস্থায়ী কিডনির রোগ, দীর্ঘস্থায়ী ফুসফুসের রোগ, লিভারের রোগ, ক্যান্সার, ডিমেনশিয়া, HIV এবং গর্ভাবস্থা। সম্পূর্ণ তালিকার জন্য দেখুন: cdc.gov/coronavirus/2019-ncov/needextraprecautions/people-with-medical-conditions.html

## কর্মক্ষেত্রে বা অন্য কোনো পরিবেশে COVID-19-এর সংস্পর্শে আসার ঝুঁকি কাদের বেশি?

যে চাকরিগুলি COVID-19-এর সংস্পর্শে আসার ঝুঁকি বাড়াতে পারে সেগুলোর মধ্যে রয়েছে স্বাস্থ্যসেবা কর্মী, শিক্ষক, ডে কেয়ার স্টাফ, এবং রেস্তোরাঁ ও মুদি দোকানের কর্মী। অন্যান্য যেসব পরিবেশে সংস্পর্শে আসার ঝুঁকি বেশি থাকতে পারে সেগুলির মধ্যে রয়েছে গৃহহীনদের আশ্রয়কেন্দ্র এবং কারাগার।

## আমার বুস্টার শট দরকার কিনা তা আমি কিভাবে জানবো?

আপনার বুস্টার শট নেওয়া উচিত কিনা সে সম্পর্কে আপনার কোনও প্রশ্ন থাকলে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলুন। যদি আপনার একজন স্বাস্থ্যসেবা প্রদানকারী খুঁজে পেতে সাহায্যের প্রয়োজন হয়, তাহলে 311 নম্বরে কল করুন বা 212-COVID-19 (212-268-4319) নম্বরে কল করুন এবং আপনি যোগ্য কিনা তা জানতে একজন নার্সের সাথে কথা বলুন।

## যারা গর্ভবতী, স্তন্যপান করাচ্ছেন বা গর্ভবতী হওয়ার চেষ্টা করছেন তারা কি বুস্টার নিতে পারেন?

গর্ভবতী এবং সম্প্রতি গর্ভবতী হওয়া ব্যক্তিরা গর্ভবতী নন এমন ব্যক্তিদের তুলনায় COVID-19 জনিত গুরুতর অসুস্থতার সম্মুখীন হওয়ার ঝুঁকি বেশি। গর্ভবতী ব্যক্তিদের COVID-19-এর বিরুদ্ধে ভ্যাকসিন নেওয়া উচিত। গর্ভবতী ব্যক্তিরা যোগ্যতার মানদণ্ড পূরণ করলে, তাদের একটি বুস্টার নেওয়া উচিত।

## বুস্টার শট নেওয়ার ঝুঁকিগুলো কী কী?

একটি বুস্টার শট নেওয়ার সুবিধাগুলি যে কোনও ঝুঁকির চেয়ে বহুলাংশে বেশি। এখন পর্যন্ত, একটি বুস্টার শট নেওয়ার পরে রিপোর্ট করা প্রতিক্রিয়াগুলি প্রাথমিক ভ্যাকসিন ডোজগুলির মতই একই রকম ছিল। ক্লান্তি এবং বাহুতে ব্যথা ছিল সবচেয়ে বেশি রিপোর্ট করা পার্শ্বপ্রতিক্রিয়া। বেশিরভাগ পার্শ্বপ্রতিক্রিয়া ছিল হালকা থেকে মাঝারি এবং এমনিতেই সেরে যায়।

## আমার বুস্টার শটের ব্র্যান্ড কি আমার প্রথম প্রাপ্ত ভ্যাকসিনের মতো একই ব্র্যান্ডের হওয়া দরকার?

ভ্যাকসিন নেওয়া ব্যক্তিরা তাদের প্রাথমিক ভ্যাকসিন সিরিজ হিসেবে আগে নেওয়া ভ্যাকসিন অথবা পূর্ববর্তী বুস্টার হিসাবে নেয়া একই ভ্যাকসিন নিতে পারেন কিংবা তারা অন্য দুই ধরনের ভ্যাকসিনের যেকোনো একটিতে পরিবর্তন করতে পারেন।

## যদি আমাদের একটি বুস্টার শটের প্রয়োজন হয়, তার মানে কি এই যে ভ্যাকসিনগুলি কাজ করছে না?

না। COVID-19 ভ্যাকসিন গুরুতর অসুস্থতা, হাসপাতালে ভর্তি এবং মৃত্যু প্রতিরোধে ভালোভাবে কাজ করছে। তবে, জনস্বাস্থ্য বিশেষজ্ঞরা সময়ের সাথে সাথে সুরক্ষা কিছুটা কমে যেতে দেখতে শুরু করেছেন, বিশেষ করে নির্দিষ্ট কিছু উচ্চ-ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর মধ্যে।

## আমি কোথায় বিনামূল্যের একটি বুস্টার শট পেতে পারি?

Pfizer-এর আপডেটকৃত বুস্টার শট NYC Health + Hospitals সিস্টেমের 11টি হাসপাতালে পাওয়া যাচ্ছে। Moderna-এর আপডেটকৃত বুস্টার শট NYC Health + Hospitals/Gotham Health এর যেকোনো সাইটে পাওয়া যাচ্ছে। আপনি যেখান থেকে আপনার প্রাথমিক ভ্যাকসিন সিরিজ বা পূর্ববর্তী বুস্টার শট পেয়েছেন সেই জায়গায় যাওয়া আবশ্যক নয়। নির্বাচিত স্থানগুলিতে ওয়াক ইন অ্যাপয়েন্টমেন্ট পাওয়া যায়। অনেকগুলো ভাষায় সাহায্য পাওয়ার জন্য 1-877-829-4692 নম্বরে কল করুন।

## আমি কি অন্যান্য ভ্যাকসিনের (যেমন ফ্লু ভ্যাকসিন) পাশাপাশি একই সময়ে একটি বুস্টার শটও পেতে পারি?

হ্যাঁ। অন্যান্য ভ্যাকসিনের পাশাপাশি একই সময়ে কিংবা আগে বা পরে যেকোনো সময় বুস্টার শট নেওয়া নিরাপদ। আপনি যদি এখনও আপনার ফ্লু শট না পেয়ে থাকেন, উভয়ই NYC Health + Hospitals-এর অ্যাকিউট কেয়ার হাসপাতালের অবস্থানসমূহে পাওয়া যাবে।

## সম্পূর্ণরূপে টিকাপ্রাপ্ত হওয়ার জন্য আমার কি একটি বুস্টার শট নেওয়া দরকার?

না। দুই-ডোজের ভ্যাকসিনের দ্বিতীয় ডোজ (যেমন Pfizer বা Moderna) বা একক-ডোজের J&J ভ্যাকসিন নেওয়ার দুই সপ্তাহ পরে কোনো ব্যক্তিকে সম্পূর্ণরূপে টিকাপ্রাপ্ত বলে বিবেচনা করা হয়।

## বুস্টার শট কি বাধ্যতামূলক করা হবে?

স্বাস্থ্যসেবা কর্মীদের জন্য নিউ ইয়র্ক স্টেটের ভ্যাকসিন ম্যান্ডেট শুধু প্রথম ও দ্বিতীয় ডোজের ক্ষেত্রে প্রযোজ্য। এই ম্যান্ডেটে বুস্টার শট অন্তর্ভুক্ত নেই।

## শিশুদের জন্য কি বুস্টার শট নেওয়ার সুপারিশ করা হয়?

এই মুহূর্তে, 5 বছর বা তারচেয়ে বেশি বয়সী সবাইকে একটি করে বুস্টার শট গ্রহণ করতে উৎসাহিত করা হচ্ছে (5-11 বছর বয়সী যারা তাদের প্রাথমিক সিরিজ হিসাবে Moderna ভ্যাকসিন পেয়েছে তারা এখনও বুস্টারের জন্য যোগ্য নয়)। 5-11 বছর বয়সী যেসব ব্যক্তি 5 মাসেরও আগে Pfizer-এর প্রাথমিক সিরিজের ভ্যাকসিন পেয়েছিলেন তারা কেবল Pfizer মনোভ্যালেন্ট বুস্টার শট পাওয়ার যোগ্য। 12 বছর বা তারচেয়ে বেশি বয়সের শিশুরা আপডেটকৃত বাইভ্যালেন্ট Pfizer বুস্টার পাওয়ার যোগ্য এবং 18 বছর বা তারচেয়ে বেশি বয়সীরা তাদের প্রাথমিক COVID-19 ভ্যাকসিন সিরিজ বা সর্বশেষ বুস্টার নেওয়ার দুই মাস পরে আপডেটকৃত বাইভ্যালেন্ট বুস্টার পাওয়ার যোগ্য।



NYC HEALTH+ HOSPITALS